

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
web: www.modmr.gov.bd

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৭-৬০৪

তারিখঃ ১২/০৬/২০১৮খ্রিঃ
সময়ঃ দুপুর ২.০০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

পাহাড় ধসঃ

রাঙ্গামাটিঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রাংগামাটি জানান যে, গত ৩ দিন যাবত রাংগামাটি জেলায় বৃষ্টিপাত হচ্ছে। বৃষ্টিপাতের ফলে জেলার নানিয়ারচর উপজেলায় পাহাড় ধসের ঘটনা ঘটে। পাহাড় ধসে মাটি চাপা পড়ে জেলার নানিয়ারচর উপজেলায় গত ১১/৬/২০১৮ খ্রিঃ রাতে ১১ জন লোক মারা গেছে। নিহত ব্যক্তির নাম হলেনঃ

১।	সুরেন্দ্র চাকমা (৫৫), পিতা- মৃত বলদেব চাকমা	গ্রাম- বড়পুল পাড়া, ইউনিয়ন- নানিয়ারচর, উপজেলা- নানিয়ারচর, জেলা- রাংগামাটি।
২।	রাজ্য দেবী চাকমা (৫০), স্বামী- সুরেন্দ্র চাকমা	ঐ
৩।	সোনালী চাকমা (১৪), পিতা- সুরেন্দ্র চাকমা	ঐ
৪।	ফুল দেবী চাকমা (৫৫), স্বামী- শ্যামল বিকাশ দেওয়ান	গ্রাম- ধর্মচরণ পাড়া, ইউনিয়ন- বুড়িহাট, উপজেলা- নানিয়ারচর, জেলা- রাংগামাটি।
৫।	ইতি দেওয়ান (১৯), পিতা- মৃত শ্যামল বিকাশ দেওয়ান	ঐ
৬।	স্মৃতি চাকমা (২৩), স্বামী- রিগেন দেওয়ান	ঐ
৭।	আইয়ুব দেওয়ান (১.৫ মাস), পিতা- রিগেন দেওয়ান,	ঐ
৮।	রমেন চাকমা (১৪), পিতা- নির্জন চাকমা	গ্রাম- বড়কুল পাড়া, সাবেক ১ নং ইউনিয়ন, উপজেলা- নানিয়ার চর।
৯।	রিপেল চাকমা (১৪), পিতা- মিশন চাকমা	গ্রাম- হাতিমারী, ইউনিয়ন- ভূমিঘাট, উপজেলা- নানিয়ার চর, জেলা- কক্সবাজার।
১০।	রিতা চাকমা (৮), পিতা- মিশন চাকমা	ঐ
১১।	বিষকৈতু চাকমা (৬০), পিতা- মৃত হেম রঞ্জন চাকমা	গ্রাম- চৌধুরীছড়া, ঘিলাছড়ি, নানিয়ারচর, কক্সবাজার

জেলায় ২১টি আশ্রয় কেন্দ্র প্রস্তুত আছে। জেলার সদর উপজেলার ৫টি আশ্রয় কেন্দ্রে ৪০০-৫০০ জন লোক আশ্রয় নিয়েছে। জেলা প্রশাসনের পক্ষ থেকে আশ্রিতদের খাবারের ব্যবস্থা করা হচ্ছে। নানিয়ার চর উপজেলায় ৩টি আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- টাকা করে প্রদান করা হয়েছে মর্মে জেলা প্রশাসক জানিয়েছেন।

কক্সবাজারঃ

গত কয়েক দিনের অতি বৃষ্টির ফলে পাহাড় ধসে জেলার উখিয়া ও মহেশখালী উপজেলায় ৩ জনের মৃত্যু হয়েছে।

১।	সুলতান (২), পিতা- আঃ শুকুর (রোহিঙ্গা শরণার্থী)	রোহিঙ্গা ক্যাম্প নং ৭, উপজেলা উখিয়া, কক্সবাজার
২।	মোহাম্মদ আলী (২২), পিতা- সৈয়দ হোসেন (রোহিঙ্গা শরণার্থী)	রোহিঙ্গা ক্যাম্প নং ১৫, জামতলী, উখিয়া, কক্সবাজার
৩।	বাদশা মিয়া, পিতা- আলী চান	৯নং ওয়ার্ড, পানির ছড়া, মহেশখালী, কক্সবাজার

খাগড়াছড়িঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, খাগড়াছড়ি জানান যে, গত তিনদিন যাবত টানা বৃষ্টিপাত হচ্ছে। খাগড়াছড়ি সদরের অধিকাংশ জায়গা প্লাবিত হয়েছে। আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। লোকজন আশ্রয়কেন্দ্রে আশ্রয় নিচ্ছে। পাহাড় ধসের ফলে এখনও কোন লোক মারা যাওয়ার খবর পাওয়া যায় নাই।

চট্টগ্রামঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় থেকে জানানো হয়েছে যে, জেলায় বর্তমানে অবিরাম বৃষ্টিপাত হচ্ছে। বৃষ্টিপাতের ফলে জেলার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। কোথাও থেকে জানমালের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায় নাই।

বান্দরবানঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বান্দরবান জানিয়েছেন যে, গত কয়েকদিনের বৃষ্টিপাতের ফলে বান্দরবান জেলায় জানমালের কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায় নাই।

**** পাহাড় ধসে এ পর্যন্ত মোট মৃতের সংখ্যা ১৪ জন।**

